



চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ

টার্মিনাল ম্যানেজার এর দপ্তর

নং - চবক/টিএম/এফসিএল/দ্রুত ডেলিভারী/২০১৭

তারিখ : ২৮/০৪/২০২০ খ্রীঃ

সভাপতি/সাধারণ সম্পাদক,

চট্টগ্রাম সিএন্ডএফ এজেন্টস এসোসিয়েশন,
সিএন্ডএফ টাওয়ার, আছাবাদ বা/এ,
চট্টগ্রাম।

বিষয়ঃ চট্টগ্রাম বন্দর থেকে ১২টার মধ্যে অন-চেসিস ডেলিভারী কার্যক্রম সম্পন্নকরণ প্রসঙ্গে।

উল্লিখিত বিষয়ে জানানো যাচ্ছে যে, অদ্য ২৮/০৪/২০২০ ইং তারিখে চট্টগ্রাম বন্দরের সদস্য (হারবার ও মেরিন), চবক এর সভাপতিত্বে অনুষ্ঠিত টার্মিনালের সভায় চট্টগ্রাম বন্দরে যানজট নিরসন ও কন্টেইনার হ্যান্ডলিং কার্যক্রমে গতিশীলতা আনয়নের লক্ষ্যে ১২টার মধ্যে চট্টগ্রাম বন্দর থেকে এক দিন পূর্বের এসাইনমেন্টভুক্ত অন-চেসিস কন্টেইনারসমূহ যাবতীয় কাস্টমস ও বন্দরের বিধি-বিধান নিয়মমারফিক প্রতিপালন সাপেক্ষে ডেলিভারী নেওয়া প্রয়োজন। এসব এক দিন পূর্বের এসাইনমেন্টভুক্ত অন-চেসিস কন্টেইনারসমূহ ১২টার মধ্যে চট্টগ্রাম বন্দর থেকে ডেলিভারী নেওয়া হলে বন্দরে একদিকে যেমন যানজট হ্রাস পাবে, অন্যদিকে বন্দরের কন্টেইনার হ্যান্ডলিং কার্যক্রমে গতিশীলতা আসবে।

এমতাবস্থায়, চট্টগ্রাম বন্দরের যানজট নিরসনের মাধ্যমে কন্টেইনার হ্যান্ডলিং কার্যক্রমে গতিশীলতা আনয়ন তথা বন্দরের সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে এক দিন পূর্বের এসাইনমেন্টভুক্ত অন-চেসিস কন্টেইনারসমূহ যাবতীয় কাস্টমস ও বন্দরের বিধি-বিধান নিয়মমারফিক প্রতিপালন সাপেক্ষে ১২টার মধ্যে দ্রুত ডেলিভারী নেওয়ার কার্যকরী ব্যবস্থা গ্রহণের জন্য বিশেষভাবে অনুরোধ করা গেল। এ ব্যাপারে আপনাদের সহযোগিতা একান্ত কাম্য।

বিষয়টি অতীব জরুরী।

টার্মিনাল অফিসার(শি: ও ই:)
পক্ষে টার্মিনাল ম্যানেজার
চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ

অনুলিপিঃ

- ১। সকল সদস্য, চবক এর সদয় অবগতির জন্য দেয়া গেল।
- ২। কমিশনার অব কাস্টমস, কাস্টম হাউস, চট্টগ্রাম এর সদয় অবগতির জন্য দেয়া গেল।
- ৩। পরিচালক (প্রশাঃ), চবক এর সদয় অবগতির জন্য দেয়া গেল।
- ৪। পরিচালক (ট্রাফিক), চবক এর সদয় অবগতির জন্য দেয়া গেল।
- ৫। পরিচালক (নিরাপত্তা), চবক এর সদয় অবগতির জন্য দেয়া গেল।
- ৬। চেয়ারম্যান, বাংলাদেশ শিপিং এজেন্টস এসোসিয়েশন, চট্টগ্রাম চেম্বার অব কমার্স বিল্ডিং, আছাবাদ বা/এ, চট্টগ্রাম - অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা গেল।
- ৭। প্রেসিডেন্ট, বাংলাদেশ ফ্রেইট ফরওয়ার্ডারস এসোসিয়েশন, আনোয়ার টাওয়ার, আছাবাদ বা/এ, চট্টগ্রাম - অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা গেল।
- ৮। পিএ টু চেয়ারম্যান; চেয়ারম্যান, চবক মহোদয়ের সদয় অবগতির জন্য দেয়া গেল।

টার্মিনাল অফিসার(শি: ও ই:)
পক্ষে টার্মিনাল ম্যানেজার
চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ